



## ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ

বাংলাদেশ নৌবাহিনী

সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

[www.dewbn.gov.bd](http://www.dewbn.gov.bd)

ফোন : ০১৭৬৯-৭১৯৮০৬, ফ্যাক্স : +৮৮০২২২৩৩০৩৫০১

২৪ কার্তিক ১৪৩০

৩০ অক্টোবর ২০২৩


০৬.০২.৬৭৫৮.১৬৫.১১.১৬৫.২৩. ১৫৫৬

### নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, সোনাকান্দা, নারায়ণগঞ্জ এর এডমিন বিভাগের মেডিক্যাল সেকশন ও পার্সোনেল সেকশন (ডিইডব্লিউ জামে মসজিদ) এর জন্য নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক/দৈনিক ভিত্তিক জনবল নিয়োগ প্রদান করা হবে :

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স (২০/১১/২০২৩ পর্যন্ত)	নিয়োগ এর ধরণ	বেতন
১।	চিকিৎসা কর্মকর্তা	০১ (এক) টি	(ক) স্বনামধন্য প্রতিষ্ঠান হতে এমবিবিএস পাশ (ইন্টার্নশীপ সম্পন্ন থাকতে হবে)। চিকিৎসা বিজ্ঞানে উচ্চতর ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেয়া হবে এবং বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ ডিগ্রি অথবা অন্য কোনো ডিগ্রি যা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই, সে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/ বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। (খ) হাসপাতাল/ ক্লিনিক/ স্বায়ত্ব শাসিত সংস্থা ইত্যাদিতে চিকিৎসা কর্মকর্তা হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। (গ) বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশন সনদ (হালনাগাদকৃত) থাকতে হবে।	অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর। বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	চুক্তি ভিত্তিক	অত্র প্রতিষ্ঠানের নিজস্ব চুক্তিভিত্তিক / দৈনিক ভিত্তিক বেতন কাঠামো অনুযায়ী
২।	মুয়াজ্জিন	০১ (এক) টি	(ক) ফাজিল পাশ। তবে, হাফেজে কুরআন ও কুরীদের অগ্রাধিকার প্রদান করা হবে। (খ) প্রশিক্ষণ প্রাপ্ত (যে কোন বিষয়ে)। (গ) অভিজ্ঞতা: যে কোন মসজিদে মুয়াজ্জিন হিসেবে ন্যূনতম ০৩(তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। (ঘ) মসজিদের সকল দায়িত্ব পালনে সক্ষমতা থাকতে হবে।	অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর।	দৈনিক ভিত্তিক	

- ২। চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে মূল বেতনের সাথে অন্যান্য ভাতাদি এবং ও দৈনিক ভিত্তিক নিয়োগের ক্ষেত্রে দৈনিক বেতন ও ভাতাদি প্রতিষ্ঠানের বেতন কাঠামো, নিয়োগ নীতিমালা ও প্রচলিত নিয়মানুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা হবে।
- ৩। অত্র প্রতিষ্ঠানের মেডিক্যাল সেকশন কর্তৃক প্রদত্ত মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট সন্তোষজনক ও পুলিশ তদন্ত প্রতিবেদন সন্তোষজনক প্রতিপাদিত হলে নিয়োগ প্রদান করা হবে।
- ৪। আত্মহী প্রার্থীদেরকে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা/ সিটি কর্পোরেশনের মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ জাতীয়তা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জন্মনিবন্ধন (যদি থাকে), শিক্ষাগত যোগ্যতার সনদ/ প্রত্যয়ন পত্র, বিএমডিসি এর হালনাগাদকৃত রেজিস্ট্রেশন সনদ (চিকিৎসা কর্মকর্তা পদের জন্য প্রযোজ্য) ও সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রসমূহের সত্যায়িত কপি এবং ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন পত্র “ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বাংলাদেশ নৌবাহিনী, সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ” এর ঠিকানায় আগামী ২০ নভেম্বর ২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। প্রেরিত খামের উপর অবশ্যই পদের নাম ও মোবাইল নাম্বার উল্লেখ করতে হবে।
- ৫। প্রার্থীকে বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৬। লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ দেয়া হবে না।
- ৭। পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।
- ৮। উল্লিখিত পদসমূহে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ৯। নিরাপত্তার স্বার্থে নিয়োগ সংশ্লিষ্ট পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে অবশ্যই স্বাস্থ্যবিধি ও সচেতনতা অবলম্বন করতে হবে।
- ১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১১। ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
 পক্ষে ব্যবস্থাপনা পরিচালক